# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

## 1 ST Term Test – 2018

**Sub: Bengali Grammar** **Class: 7** **F.M: 90**

**Duration: 2hours 30 minutes** **Date: 27.4.2018**

**বিভাগঃ ক (২৫)**

**১।সঠিক উত্তরটি নির্বাচন করে লেখঃ- (১×৫=৫)**

১.১ উঁচুনীচু যে যায়গা,তাকে এককথায় বলা যায় -

ক) বন্ধুর খ) বন্ধু

গ) বঁধু ঘ) কোনওটিই নয়।

১.২ উপকার করবার ইচ্ছা,কে এককথায় বলা যায়--

ক) অপচিকীর্ষা খ) উপচিকীর্ষা

গ) উপচিকিৎসা ঘ) অপচিকিৎসা।

১.৩ অতিরিক্ত মূল্য যার,কে এককথায় বলা যায়

ক) দুর্মূল্য খ)সুলভ

গ) লাভ ঘ)কোনওটিই নয়।

১.৪ কোকিলের ডাক,কে এককথায় বলা যায়---

ক) কেকা খ) কোকিল কন্ঠ

গ) কুহু ঘ) কোনওটিই নয়।

১.৫ ঈশ্বরের অস্তিত্ব যিনি স্বীকার করেন না,কে এককথায় বলা যায়----

ক) নাস্তিক খ) আস্তিক

গ) ঈশ্বর বিশ্বাসী ঘ) কোনওটিই নয়।

**২।নিচের বিশেষ্য পদগুলিকে বিশেষণ পদে পরিবর্তন করোঃ-** (১×৮=৮)

| বিশেষ্য | বিশেষণ |
|---|---|
| ২.১ অনুরাগ | |
| ২.২ অবশেষ | |
| ২.৩ অগ্র | |
| ২.৪ উল্লাস | |
| ২.৫ উদয় | |
| ২.৬ ঈশ্বর | |
| ২.৭ ক্রম | |
| ২.৮ আরোহণ | |

**৩।সঠিক বিপরীতার্থক শব্দ ব্যবহার করে বাঁদিক ও ডানদিকের শব্দ মিলিয়ে লেখঃ- (১×৮=৮)**

| বাঁদিক | ডানদিক |
|---|---|
| ৩.১ অল্প | ক) গরল |
| ৩.২ অমৃত | খ) উপকার |
| ৩.৩ অপকার | গ) অধিক |
| ৩.৪ আবাহন | ঘ) অনিষ্ট |
| ৩.৫ ইষ্ট | ঙ) রুষ্ট |
| ৩.৬ তুষ্ট | চ) শান্ত |
| ৩.৭ দুরন্ত | ছ) প্রবীণ |
| ৩.৮ নবীন | জ) বিসর্জন |

**৪।নীচের প্রায়-সমোচ্চারিত শব্দ গুলির ভিন্ন অর্থ লেখঃ-(১×৪=৪)**

৪.১ অবিরাম, অভিরাম।

৪.২ অনু, অণু।

৪.৩ অন্ন, অন্য।

৪.৪ অশন, অসন।

## বিভাগঃ খ (২৫)

**১।নিচের প্রশ্নগুলির যথাযথ উত্তর দাওঃ-(২×৫=১০)**

| | |
|---|---|
| ১.১ | সন্ধিবিচ্ছেদ করো-অবচ্ছেদ, দিগন্ত। |
| ১.২ | সন্ধিযুক্ত করো- বাক্+যন্ত্র, তদ্+সম। |
| ১.৩ | কারণসহ অশুদ্ধি সংশোধন করো-ঘৃনা। |
| ১.৪ | পদ কাকে বলে?উদাহরণ দাও। |
| ১.৫ | ণত্ব বিধি কাকে বলে? |

**২। যেকোন পাঁচটি প্রশ্নের উত্তর দাওঃ-(৩×৫=১৫)**

| | |
|---|---|
| ২.১ | ব্যঞ্জনসন্ধি কাকে বলে?উদাহরণ দাও। |
| ২.২ | নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি কাকে বলে?উদাহরণ দাও। |
| ২.৩ | খাঁটি বাংলা ব্যঞ্জনসন্ধি কাকে বলে?উদাহরণ দাও। |
| ২.৪ | সন্ধি কাকে বলে? সন্ধির প্রকারভেদগুলি উদাহরণ সহ আলোচনা করো। |
| ২.৫ | কারণসহ অশুদ্ধি সংশোধন করো-পাষান। |
| ২.৬ | সন্ধিযুক্ত করো-হৃদ্+কমল, তদ+ছবি, সম্+লাপ। |
| ২.৭ | সন্ধিবিচ্ছেদ করো-চলচ্চিত্র,উদ্যোগ,শরদিন্দু। |

## বিভাগঃ গ (৪০)

**১।নিচের যেকোন দুটি প্রশ্নের উত্তর দাও (২×৫=১০)**

| | |
|---|---|
| ১.১ | উদাহরণ সহ ণত্ব বিধির ৩ টি সূত্র লেখো। |
| ১.২ | বিশেষ্য পদের শ্রেণিবিভাগ গুলি উদাহরণ সহ আলোচনা করো। |
| ১.৩ | বিশেষণ পদের শ্রেণিবিভাগ গুলি উদাহরণ সহ আলোচনা করো। |

**২।যেকোন একটি বিষয়ে প্রবন্ধ লেখঃ-(১×১৫=১৫)**

২.১ বইমেলা ।

২.২ দেশভ্রমণ শিক্ষার অপরিহার্য অঙ্গ ।

**৩।যেকোন একটি বিষয়ে পত্র রচনা করোঃ- (১×১৫=১৫)**

৩.১বার্ষিক পরীক্ষায় তুমি ভাল্‌ভাবে পাশ করেছ,একথা জানিয়ে তুমি তোমার বড়ো দিদিকে এককটি চিঠি লেখ।

৩.২ তোমার প্রিয় শখ সম্পর্কে বন্ধু কে একটি চিঠি লেখ।

৩.৩ তোমার জন্মদিন উপলক্ষে বন্ধুকে আমন্ত্রণ পত্র জানিয়ে একটি চিঠি লেখো।

Arpita Chandra 28.4.18

# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

## 1 ST Term Test – 2018

Sub: Bengali Grammar(Model answer) Class: 7 F.M: 90

Duration: 2hours 30 minutes Date: 27.4.2018

## বিভাগঃ ক (২৫)

(বানান ভুল, বাক্যের গঠনে ভুল, অপরিস্কার-অপরিচ্ছন্ন হাতের লেখার জন্য নম্বর কাটা যেতে পারেহবে৷প্রশ্নের উত্তর মূলতঃ যুক্তিনির্ভর হবে৷একই কথার পুনরাবৃত্তি কাঙ্ক্ষিত নয়৷উত্তর হবে চলিত ভাষায় ও প্রশ্নানুযায়ী৷)

### ১৷সঠিক উত্তরটি নির্বাচন করে লেখঃ- (১×৫=৫)

১.১ উঁচুনীচু যে যায়গা, তাকে এককথায় বলা যায় -

ক) বন্ধুর

১.২ উপকার করবার ইচ্ছা, কে এককথায় বলা যায়--

খ) উপচিকীর্ষা

১.৩ অতিরিক্ত মূল্য যার, কে এককথায় বলা যায়

ক) দুর্মূল্য

১.৪ কোকিলের ডাক, কে এককথায় বলা যায়—

গ) কুহু

১.৫ ঈশ্বরের অস্তিত্ব যিনি স্বীকার করেন না, কে এককথায় বলা যায়----

ক) নাস্তিক

### ২৷নিচের বিশেষ্য পদগুলিকে বিশেষণ পদে পরিবর্তন করোঃ- (১×৮=৮)

| বিশেষ্য | বিশেষণ |
| --- | --- |
| ২.১ অনুরাগ | অনুরক্ত |
| ২.২ অবশেষ | অবশিষ্ট |
| ২.৩ অগ্র | অগ্রিম |
| ২.৪ উল্লাস | উল্লসিত |
| ২.৫ উদয় | উদিত |
| ২.৬ ঈশ্বর | ঐশ্বরিক |
| ২.৭ ক্রম | ক্রমিক |
| ২.৮ আরোহণ | আরুঢ |

**৩।সঠিক বিপরীতার্থক শব্দ ব্যবহার করে বাঁদিক ও ডানদিকের শব্দ মিলিয়ে লেখঃ-(১×৮=৮)**

| বাঁদিক | ডানদিক |
| --- | --- |
| ৩.১ অল্প | গ) অধিক |
| ৩.২ অমৃত | ক) গরল |
| ৩.৩ অপকার | খ) উপকার |
| ৩.৪ আবাহন | জ) বিসর্জন |
| ৩.৫ ইষ্ট | ঘ) অনিষ্ট |
| ৩.৬ তুষ্ট | ঙ) রুষ্ট |
| ৩.৭ দুরন্ত | চ) শান্ত |
| ৩.৮ নবীন | ছ) প্রবীণ |

**৪।নীচের প্রায়-সমোচ্চারিত শব্দ গুলির ভিন্ন অর্থ লেখঃ-(১×৪=৪)**

৪.১ অবিরাম-অবিশ্রান্ত/অনবরত,

অভিরাম-সুন্দর/মনোরম ।

৪.২ অনু-পশ্চাৎ,

অণু-ক্ষুদ্রতম অংশ।

৪.৩ অন্ন-ভাত,

অন্য-অপর/ভিন্ন।

৪.৪ অশন-ভোজন/আহার,

অসন—দূরীকরণ/নিক্ষেপ।

**বিভাগঃ খ** (২৫)

**১।নিচের প্রশ্নগুলির যথাযথ উত্তর দাওঃ-(২×৫=১০)**

| | |
|---|---|
| ১.১ | অবচ্ছেদ-অব+ছেদ, দিগন্ত-দিক্+অন্ত। |
| ১.২ | বাক্+যন্ত্র-বাগযন্ত্র, তদ্+সম-তৎসম। |
| ১.৩ | ঘৃণা—ঋ এর পর দন্ত্য-ন মূর্ধন্য-ণ হয়। |
| ১.৪ | বিভক্তিযুক্ত শব্দ বা ধাতুকে পদ বলে।যেমন-<br>ছেলে(শব্দ)+টি(বিভক্তি)=ছেলেটি(পদ) |
| ১.৫ | সংস্কৃত ভাষায় দন্ত্য-ন এর মূর্ধন্য-ণ তে পরিবর্তনের নিয়ম কে ণত্ব বিধি বলে।যেমন-অণু,কণা ইত্যাদি। |

**২। যেকোন পাঁচটি প্রশ্নের উত্তর দাওঃ-(৩×৫=১৫)**

| | |
|---|---|
| ২.১ | ব্যঞ্জণবর্ণের সঙ্গে স্বরবর্ণ বা ব্যঞ্জণবর্ণের মিলন কে বলে ব্যঞ্জনসন্ধি।যেমন-দিগন্ত-দিক্+অন্ত। |
| ২.২ | নিয়ম বহির্ভূত সন্ধি কে,নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি বলে।।(দ্রষ্টব্য-ভাষা বিচিত্রা-পৃষ্ঠা-৯) |
| ২.৩ | বাংলার নিজস্ব উচ্চারণ মেনে যে সন্ধি হয়,তাকে খাঁটি বাংলা ব্যঞ্জনসন্ধি বলে।(দ্রষ্টব্য-ভাষা বিচিত্রা-পৃষ্ঠা-১৩-১৪) |

| | |
|---|---|
| ২.৪ | দ্রুত উচ্চারণের জন্য পাশাপাশি অবস্থিত দুটি বর্ণ যখন মিলিত হয়ে একটি বর্ণে পরিণত হয় তাকে বলে সন্ধি।সন্ধি তিন প্রকার।যথা- স্বরসন্ধি,ব্যঞ্জনসন্ধি,বিসর্গ সন্ধি। (সন্ধি ও প্রত্যেক ভাগের উদাহরণ দিতে হবে) |
| ২.৫ | পাষাণ-ষ এর পর দন্ত্য-ন মূর্ধন্য-ণ হয় । |
| ২.৬ | সন্ধিযুক্ত করো-হৃদ্+কমল-হৃৎকমল, তদ+ছবি-তচ্ছবি, সম্+লাপ-সংলাপ। |
| ২.৭ | সন্ধিবিচ্ছেদ করো-চলচ্চিত্র-চলৎ+চিত্র, উদ্যোগ-উৎ+যোগ, শরদিন্দু-শরৎ+ইন্দু। |

## বিভাগঃ গ (৪০)

(বানান ভুল, বাক্যের গঠনে ভুল, অপরিস্কার-অপরিচ্ছন্ন হাতের লেখার জন্য নম্বর কাটা যেতে পারেহবে।প্রশ্নের উত্তর মূলতঃ যুক্তিনির্ভর হবে।একই কথার পুনরাবৃত্তি কাঙ্ক্ষিত নয়।উত্তর হবে চলিত ভাষায় ও প্রশ্নানুযায়ী।)

**১।নিচের যেকোন দুটি প্রশ্নের উত্তর দাও (২×৫=১০)**

| | |
|---|---|
| ১.১ | ণত্ব বিধির যেকোন ৩ টি সূত্র লিখতে পারে উদাহরণ সহ।(দ্রষ্টব্য-ভাষা বিচিত্রা-পৃষ্ঠা-২১-২২) |
| ১.২ | বিশেষ্য পদের সংজ্ঞা উল্লেখ করে শ্রেণিবিভাগ গুলি উদাহরণ সহ আলোচনা করতে হবে।(দ্রষ্টব্য-ভাষা বিচিত্রা-পৃষ্ঠা-৫১-৫২) |
| ১.৩ | বিশেষণ পদের সংজ্ঞা উল্লেখ করে শ্রেণিবিভাগ গুলি উদাহরণ সহ আলোচনা করতে হবে।।(দ্রষ্টব্য-ভাষা বিচিত্রা-পৃষ্ঠা-৫৮-৫৯) |

**২।যেকোন একটি বিষয়ে প্রবন্ধ লেখঃ-(১×১৫=১৫)**

**(প্রবন্ধ অনুচ্ছেদে ভেঙে লিখতে হবে।)**

২.১ বইমেলা।(দ্রষ্টব্য-ভাষা বিচিত্রা-পৃষ্ঠা-১৪৪)

২.২ দেশভ্রমণ শিক্ষার অপরিহার্য অঙ্গ।(দ্রষ্টব্য-ভাষা বিচিত্রা-পৃষ্ঠা-১৫০)

**৩।যেকোন একটি বিষয়ে পত্র রচনা করোঃ- (১×১৫=১৫)**

**(ব্যক্তিগত চিঠি লেখার ক্ষেত্রে চিঠি লেখার নিজস্ব নিয়মটি অনুসরণ করতে হবে।সর্বোপরি চিঠি হবে বিষয়ানুযায়ী।)**

৩.১বার্ষিক পরীক্ষায় তুমি ভাল্ভাবে পাশ করেছ,একথা জানিয়ে তুমি তোমার বড়ো দিদিকে এককটি চিঠি লেখ।(দ্রষ্টব্য-ভাষা বিচিত্রা-পৃষ্ঠা-১০৭)

৩.২ তোমার প্রিয় শখ সম্পর্কে বন্ধু কে একটি চিঠি লেখ।(দ্রষ্টব্য-ভাষা বিচিত্রা-পৃষ্ঠা-১০২)

৩.৩ তোমার জন্মদিন উপলক্ষে বন্ধুকে আমন্ত্রণ পত্র জানিয়ে একটি চিঠি লেখো।(দ্রষ্টব্য-ভাষা বিচিত্রা-পৃষ্ঠা-১০৭)